



Office of the Principal  
Haldia Government College  
P.O. Debhog, Dist: Purba Medinipur,  
Pin – 721657

## Undergraduate Admission: 2020-21

### E-Admission এর সুযোগ বা অপশন গ্রহণের জন্যে বিজ্ঞপ্তি

তারিখ: ১৮ সেপ্টেম্বর ২০২০

ই-অ্যাডমিশনের দশম পর্বের ভর্তির পরেও সামান্য সংখ্যক আসন খালি রয়েছে।

Bengali (Hons.)	Chemistry (Hons.)	Physics (Hons.)
English (Hons.)	Mathematics (Hons.)	B.A. (General)
Education (Hons.)	Anthropology (Hons.)	Geography (Hons.)

বিশ্ববিদ্যালয় কর্তৃক ই-অ্যাডমিশনের চূড়ান্ত তারিখ যেহেতু ২৮ সেপ্টেম্বর, ২০২০ নির্ধারিত হয়েছে, তাই ই-অ্যাডমিশনের পর্বভিত্তিক প্রক্রিয়া অব্যাহত রাখা সম্ভব হচ্ছে না। এই কারণে যে সব আবেদনকারীরা এখনও ই-অ্যাডমিশনের সুযোগ পায়নি, কিন্তু এই মহাবিদ্যালয়ে ভর্তি হতে আগ্রহী, তাদেরকে কিছু নির্দেশিকা এখানে দেওয়া হল। নির্বাচিত হলে তারা যে অ্যাডমিশন গ্রহণ করবেন এটা মনস্থির করে তবেই, অ্যাডমিশন পোর্টালে নিজেদের অ্যাকাউন্টে Log in করে নিজেদের ভর্তির অপশনটি বেছে নেবেন। এই অপশন গ্রহণের সুবিধাটি ২২ সেপ্টেম্বর ২০২০, রাত ১০ টা অবধি খোলা থাকবে। অপশন -এর ভিত্তিতে নির্বাচিত ক্যান্ডিডেটদের Wish based Merit List ২৩ সেপ্টেম্বর প্রকাশ করা হবে। ফাঁকা আসন-সংখ্যা ও এই Merit List এর ভিত্তিতে e-Admission ২৩ সেপ্টেম্বর ২০২০, সকাল ৯টা থেকে শুরু হবে।

কোনও আবেদনকারী যে এখনও অবধি এখানে ই-অ্যাডমিশনের কখনও কোনও সুযোগই পায়নি সে এবং যে এই বিজ্ঞপ্তি অনুযায়ী উপরোক্ত নির্ধারিত সময়সীমার মধ্যে নিজের ইচ্ছানুরূপ ভর্তির সুযোগটি নিতে ব্যর্থ, সে তার মেধাতালিকার আগের স্থান অনুযায়ী পুনরায় ভর্তির সুযোগ কখনওই পাবে না।

কোনও ক্যান্ডিডেট যে **Statistics(Hons.), B.Sc.(General), Sociology(Hons.), Economics (Hons.), Tourism & Travel management** বিষয়ে আবেদন করেছে কিন্তু ই-অ্যাডমিশনের সুযোগ পেয়েও আগে ভর্তি হয়নি, অথচ এখন এই মহাবিদ্যালয়ে ভর্তি হতে আগ্রহী, সে-ও নিম্নলিখিত ধাপ অনুযায়ী e-Admission এর সুযোগ বা অপশন গ্রহণ করতে পারে।

বিশেষ দ্রষ্টব্য, এই সুযোগটি গ্রহণ করলে কিংবা এ ব্যাপারে অতিরিক্ত চর্চা-নৈপুণ্য দেখালেই যে ই-অ্যাডমিশনের অধিকার মিলবে, এমনটা কিন্তু নয়। ই-অ্যাডমিশনের সুযোগ অবশ্যই ফাঁকা আসনসংখ্যা আর আবেদনকারীর মেধাতালিকায় প্রাপ্ত স্থানের ভিত্তিতেই নির্ধারিত হবে।

#### ই-অ্যাডমিশনের জন্যে সুযোগ বা অপশন গ্রহণ করার ধাপগুলো নির্দেশ করা হলো ---

- অ্যাডমিশন পোর্টালে নিজের একাউন্টে Log in করতে হবে। ([ugportal.hgcadmission.org](http://ugportal.hgcadmission.org))
- “Wish to take Admission” -এ ক্লিক করতে হবে।
- ড্রপ-ডাউন লিস্ট থেকে বিষয় বেছে নিতে হবে ও “ADD TO WISHLIST”-এ ক্লিক করতে হবে।

(একাধিক বিষয়কেও ‘WISHLIST’ এ যোগ করা যেতে পারে।)

Sd/-  
Officer-in-Charge  
Haldia Government College